



আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে: স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

দেশের সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি সরকারের নিয়ন্ত্রণে রয়েছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। দু-একটি বিচ্ছিন্ন ঘটনাকে কেন্দ্র করে পুরো দেশের পরিস্থিতি খারাপ হয়েছে—এমনটা মনে করার কারণ নেই বলেও জানান তিনি।

বুধবার (৩০ সেপ্টেম্বর) সচিবালয়ে দুর্গাপূজার নিরাপত্তা নিয়ে আয়োজিত বৈঠক শেষে সাংবাদিকদের এসব কথা বলেন স্বরাষ্ট্রমন্ত্রী।

তিনি বলেন, আইনশৃঙ্খলা নিয়ে মানুষের মধ্যে কোনো উদ্বেগ বা শঙ্কা থাকলে সরকার সেটিকে গুরুত্বের সঙ্গে বিবেচনা করছে। তবে কিছু ঘটনার ভিত্তিতে সার্বিক পরিস্থিতি মূল্যায়ন করা ঠিক হবে না।

দুর্গাপূজার প্রস্তুতি সম্পর্কে সালাউদ্দিন আহমেদ জানান, এবার দেশের প্রায় ৩৩ হাজার ৮০০টির বেশি পূজামণ্ডপে উৎসব অনুষ্ঠিত হবে। গত বছরের তুলনায় মণ্ডপের সংখ্যা প্রায় দেড় হাজার বেড়েছে।

পূজার সরকারি বরাদ্দও বাড়ানো হয়েছে। গতবার ৪ কোটি টাকা বরাদ্দ থাকলেও এবার তা বাড়িয়ে ৫ কোটি টাকা করা হয়েছে বলে জানান তিনি। স্বরাষ্ট্রমন্ত্রীর দাবি, দেশে ধর্মীয় সম্প্রীতির পরিবেশও বর্তমানে আগের যেকোনো সময়ের তুলনায় ভালো।

এদিকে পূজা উদযাপন পরিষদের সাধারণ সম্পাদক সন্তোষ শর্মা বলেন, পূজার ছুটি ও সরকারি বরাদ্দ বাড়ানোয় তারা সন্তুষ্ট। একই সঙ্গে পূজা শুরু আগের নিরীহ হিন্দু সম্প্রদায়ের কাউকে গ্রেপ্তার না করার বিষয়টি বিবেচনার জন্য স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে অনুরোধ জানান তিনি।